

# সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪১৫

৪/ গোসল ও তায়াম্মুম (كتاب الغسل والتيمم)

পরিচ্ছেদঃ ১১/ এমন পাত্রে গোসল করা যাতে আটার চিত্র বিদ্যমান

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ مُحَمَّدٍ، قَالَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُوسَى بْنِ أَعْيَنَ، قَالَ حَدَّثَنَا أَبِي، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ، عَنْ عَطَاءٍ، قَالَ حَدَّثَتْنِي أُمُّ هَانِئٍ، أَنَّهَا دَخَلَتْ عَلَى النَّبِيّ صلى الله عليه وسلم يَوْمَ فَتْحِ مَكَّةَ وَهُوَ يَغْتَسِلُ قَدْ سَتَرَتْهُ النَّبِيّ صلى الله عليه وسلم يَوْمَ فَتْحِ مَكَّةَ وَهُوَ يَغْتَسِلُ قَدْ سَتَرَتْهُ بِثَوْبٍ دُونَهُ فِي قَصِعَةٍ فِيهَا أَثَرُ الْعَجِينِ . قَالَتْ فَصَلَّى الضَّحَى فَمَا أَدْرِي كَمْ صَلَّى حِينَ قَصْمَى غُسْلَهُ .

#### বাংলা

8১৫। মুহাম্মদ ইবনু ইয়াহইয়া (রহঃ) ... আতা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ উম্মে হানী (রাঃ) আমার নিকট বর্ণনা করেছেন যে, তিনি মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলেন। তখন তিনি গোসল করছিলেন। তাঁর জন্য বস্ত্র দ্বারা পর্দার ব্যবস্থা করেছিলেন। তিনি এমন পাত্রে গোসল করছিলেন যাতে আটার চিহ্ন বিদ্যমান ছিল। তিনি বলেনঃ তারপর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম চাশতের সালাত আদায় করলেন। আমার স্মরণ নাই তিনি গোসলের পর কত রাকাত সালাত আদায় করেছিলেন।

("আমার স্মরণ নাই তিনি কত রাকআত পড়েছেন" এ অংশ টুকু বাদে হাদিসটি সহিহ। আর এ অংশটুকু শায। উন্মু হানি হতে সহিহ সানাদে বর্ণিত আছে যে, তিনি আট রাকাআত নামায পড়েছেন। বুখারি ও মুসলিমেও আছে।)

## **English**

Umm Hani' narrated that she entered upon the Prophet (ﷺ) on the day of the Conquest of Makkah, when he was performing Ghusl - while a garment was screening him - from a vessel in which were traces of dough. She said: He prayed Ad-Duha - but I do not know how many Rak'ahs he prayed - after he finished Ghusl.'"



## হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু আবী রাবাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন